




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিকার আইন, ২০০৯

জনপ্রশাসন মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তরসমূহের
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম ও ঠিকানা



প্রশাসন অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তরসমূহের
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম ও ঠিকানা

প্রকাশনায়: প্রশাসন অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রকাশকাল: কার্তিক, ১৪২১ বঙ্গাব্দ
নভেম্বর, ২০১৪ খ্রিষ্টাব্দ

মুখবন্ধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ৩৯ অনুচ্ছেদে রাষ্ট্রের নাগরিকদের চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতাকে অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়েছে। তথ্যের অবাধ প্রবাহ ও জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করা; এর মাধ্যমে সরকারি-বেসরকারি কাজের স্বচ্ছতা-জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার ২০০৯ সালে 'তথ্য অধিকার আইন ২০০৯' প্রণয়ন করে। প্রণীত এ আইনের ৪ ধারায় প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকারকে স্বীকৃতি প্রদান করা হয়েছে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মপরিধি ব্যাপক ও বিস্তৃত। এ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন একাডেমি, ফাউন্ডেশন, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, অধিদপ্তর, বোর্ড এবং দপ্তর রয়েছে। এ প্রতিষ্ঠানগুলো প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জনগণের সেবায় নিয়োজিত। সরকারের প্রদেয় সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার অভিপ্রায়ে প্রণীত 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর মাধ্যমে জনগণ জনসেবার উৎস সম্পর্কে নিশ্চিত হবে এবং তাদের কাঙ্ক্ষিত সেবা গ্রহণ দ্রুত ও সহজ হবে।

বর্ণিত আইনের ১০ ধারায় তথ্য সরবরাহের লক্ষ্যে প্রত্যেক কর্তৃপক্ষকে 'তথ্য প্রদান ইউনিট'-এর জন্য একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিযুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লিখিত আইনের অনুসরণে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং জনসেবা প্রদানে সরকারের আন্তরিক প্রতিশ্রুতি ও উদ্যোগের সঙ্গে একাত্ম হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠানসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম, ঠিকানা সম্বলিত এ পুস্তিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

আমি আশা করি জনপ্রশাসন মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তর ও সংস্থার কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ক্ষেত্রে এ পুস্তিকা সহায়ক তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করবে।



ড. কামাল আবদুল নাসের চৌধুরী
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়